


4 (2) of W.B.L.R. Act, ... duly stamped ...
the Indian Stamp (W.B. Amendment) Act 19..
Schedule 1A ... 23
P. fee 1.80 ... A 25.50
0.50
26.00
5/12/75

বিক্রয় কোবালা মূল্য ৩,৫০০্ টাকা।

---

গৃহীতা ঃ—

শ্রী সুকোমল মজুমদার
পিতা শ্রীযুক্ত বাবু সুরেশ চন্দ্র
মজুমদার, জাতি — হিন্দু
পেশা — চাকুরী, সাং বোয়ালিয়া
থানা সোনারপুর, জেলা ২৪
পরগণা।

দাতা ঃ—

শ্রীমতী মীরা মজুমদার
স্বামী শ্রী সুকোমল মজুমদার
জাতি হিন্দু, পেশা চাকুরী
সাং বোয়ালিয়া, থানা —
সোনারপুর, জেলা ২৪
পরগণা।

কস্য রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বীয় ডাঙ্গা জমি জমা মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ— জেলা ২৪ পরগণা সবরেজেষ্ট্রী ও থানা সোনারপুর পরগণা মেদনমল্ল ২৮১ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ১২৯ জেঃ এলঃ নং ৪৯ মৌজা কন্দর্পপুর বোয়ালিয়া গ্রামে অবস্থিত নিম্ন তপশীলে বিশেষরূপে বর্ণিত সাবেক ৭০৮ হাল ৪৭০ নম্বর —

पचहत्तर रुपया

भारत

INDIA

৭৫রু. 75RS

SEVENTY FIVE RUPEES



খতিয়ানে সাবেক ৮০৩ নং হাল ৮৫২ দাগে .২১ শতক ডাঙ্গা জমিজমা চৌকি বারুইপুর দ্বিতীয় মুনসেফ আদালতের ১৯৪৩ সালের ৫৩১ নং খাজনা জারি মোকদ্দমায় গত ইং ২২।৬।৪৩ তারিখে বাকি খাজনার দায়ে নীলাম বিক্রয় হইলে অত্র দলীল দাত্রীর পূর্ববাধিকারি তরিজান বিবি নিজ অর্থে নীলাম খরিদ করিয়া নীলাম বহাল অন্তে বয়নামা লইয়া বয়নামা জারিক্রমে আদালতের পদাতিক সাহায্যে রীতিমত খাস দখল লয়েন এবং রিভিসনাল সেটেলমেন্টে উক্ত ২১ শতক জমিজমা তাঁহার নামে ৪৭০ নং খতিয়ানে রেকর্ড হয়। উক্ত ২১ শতক ডাঙ্গা জমিজমা মধ্যে .৩ ১/২ শতক স্থানীয় মাপে /২ দুই কাঠা জমিজমা উক্ত তরিজান বিবি ইং ২৭।১১।৬৪ তারিখে শ্রী হীরা লাল পাল কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তিতে উক্ত-খরিদ্দারকে খাসে দখল দেন। তৎপর উক্ত হীরা লাল পাল উক্ত .৩ ১/২ শতক ডাঙ্গা জমিজমা গত ইং ২৫।৩।৭০ তারিখে অত্র দলীল দাত্রীকে বিক্রয় করিয়া উক্ত বিক্রীত সম্পত্তিতে দলিল দাত্রীকে খাস দখল দেন। দলীল দাত্রী উক্ত .৩ ১/২ শতক সম্পত্তি নিজ অর্থে খরিদ করিয়া নিজ তহবিল হইতে খাজনা ও ট্যাক্স - আদায় দিয়া তাঁহার খরিদা সম্পত্তি অন্যের নিরাংশে নির্জে ষোল আনা

মালিক হিসাবে খাসে ভোগবতী ও দখলকারিনী আছেন । অলঙ্কার নির্মান – করিবার নিমিত্ত দলীল দাত্রীর অর্থের প্রয়োজন হওয়ায় দলীল দাত্রী উক্ত সম্পত্তি বিক্রয় করিয়া অর্থ সংগ্রহ করিবার ইচছা প্রকাশ প্রচার ও ঘোষণা করিলে দলীল গ্রহীতা উক্ত সম্পত্তি বর্ত্তমান সর্ব্বোচচ বাজার মূল্য মোট ৩৫০০৲তিন হাজার পাঁচ শত টাকায় খরিদ করিবার প্রস্তাব করিলে দলীল দাত্রী বাজার যাচাই করিয়া উক্ত মূল্য উক্ত সম্পত্তির বর্ত্তমান সর্ব্বোচচ মূল্য অবধারিত করিয়া অদ্য তারিখে – দলীল গ্রহীতার নিকট হইতে পণের সমুদয় ৩৫০০৲তিন হাজার পাঁচ শত টাকা এক– কালিন বুঝিয়া পাইয়া নীম্ন তপশীলে বিশেষ রূপে লিখিত ও বর্ণিত জেলা ২৪ পরগণা থানা ও সবরেজিষ্ট্রী সোনারপুর পরগণা মেদনমল্ল ২৮১ নং তৌজি ভুক্ত– রেঃ সাঃ নং ১২৯ জে এল নং ৪৯ মৌজা কন্দর্পপুর বোয়ালিয়া গ্রামে সাবেক ৭০৮ হাল ৪৭০ নং খতিয়ানে সাবেক ৮৩৩ হাল ৮৫২ নং দাগে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বীয় ·২১ শতক ডাঙ্গা জমিজমা মধ্যে চিহ্নিত বিভক্তিয় ·৩ ১/২ সাড়ে
অত্রসহ সংলগ্ন নকসায় [illegible] লালবর্ণের রেখাদ্বারা বেষ্টিত
তিন শতক স্থানীয় মাপে ৴২ দুই কাঠা ডাঙ্গা জমি জমা মায় যাবতীয় ইজমেন্ট – স্বত্ব সহ অত্র দলীল গ্রহীতাকে সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিয়া – বিক্রীত সম্পত্তিতে দলীল গ্রহীতাকে খাসে দখল দিয়া বিক্রীত সম্পত্তি হইতে – দলীল দাত্রী পুত্র পৌত্র ওয়ারিসন ও স্থলাভিষিক্তগণক্রমে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলেন উক্ত সম্পত্তি বিক্রয় করিয়া দলীল দাত্রী স্বীকার ও অঙ্গীকার – করিতেছেন যে বিক্রীত সম্পত্তি বা উহার কোন অংশ দলীল দাত্রী ইতিপূর্ব্বে কোনরূপে দান বিক্রয় বন্ধক হস্তান্তর বা দায়াবদ্ধ করেন নাই । বিক্রীত সম্পত্তি সম্বন্ধে দলীল দাত্রী কাহারও বেনামদার নহেন বিক্রীত সম্পত্তি কোনো আদালত – কর্ত্তৃক ক্রোকাবদ্ধ বা জামিনাবদ্ধ নহে । উহাতে কাহারও খোরাক পোষাকের – দায় নাই বা উহা দেবত্তর বা পীরত্তর সম্পত্তি নহে উহা ~~ল্যাণ্ড~~ একুইজিসান বা রিকুইজিসন বা কোন পাবলিক বডি কর্ত্তৃক গৃহীতহয় নাই বা গৃহীত হইবার স্কীমের

অন্তর্ভুক্ত নহে উক্ত জমি উন্নত ধরনের বাস্তু জমি ও গৃহ নির্মানোপযোগী। দলীল গ্রহীতা তাঁহার খরিদা সম্পত্তিতে দলীল দাত্রীর স্বত্বে স্বত্ববান ও দখলে দখলিকার হইয়া জমিদার সেরেস্তায় ও মিউনিসিপ্যালিটীতে নিজ নাম পত্তনে নিজ নামে খাজনা ও ট্যাক্স আদায়ে দান বিক্রয় বন্ধক ও যে কোনরূপে হস্তান্তরের ও দায়াবদ্ধের অধিকারী হইয়া পুত্র পৌত্র ওয়ারিসান ও স্থলাভিষিক্তগণক্রমে পরমসুখে নির্ব্যূঢ় স্বত্বে তাঁহার খরিদা সম্পত্তি নির্ব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকুন তাহাতে দলীল দাত্রী বা তাঁহার ওয়ারিসন ও স্থলাভিষিক্তগণ মধ্যে কেহ কখনও কোন প্রকার ওজর আপত্তি করিতে পারিবে না করিলে তাহা সর্ববদা সর্ববত্র বাতিল ও নামঞ্জুর হইবে। যদি ভবিষ্যতে অত্র দলীলের লিখিত বর্ণনায় বিপরীত কোন ঘটনা প্রকাশ পায় এবং তৎকারন দলীল গ্রহীতার কোন ক্ষতি হয় তৎ সমুদয় ক্ষতি দলীল দাত্রী মায় ওয়ারিসানগণক্রমে পূরণ করিতে বাধ্য রহিলেন। বিক্রীত সম্পত্তিতে দলীল গ্রহীতার স্বত্ব ও দখল সুদৃঢ় করিয়া দিবার নিমিত্ত যদি ভবিষ্যতে কোন দলীল সম্পাদন ও রেজিষ্টারী করিয়া দিবার প্রয়োজন হয় তাহা হইলে দলীল গ্রহীতার অনুরোধে ও খরচায় দলীল দাত্রী অনুরূপ দলীল সম্পাদন ও রেজিষ্টারী করিয়া দিবেন। অত্র দলীলের পোষকতায় নীমু জায়মত দলীল গুলি দলীল গ্রহীতাকে অত্র দলীল দাত্রী দিলেন। বিক্রীত সম্পত্তিতে দলীল দাত্রীর কোন সুরিক নাই।

এতদার্থে অত্র দলীল নিজে পাঠ করিয়া দলীলের সমুদয় মর্ম সম্যক রূপে উপলব্ধি করিয়া অদ্য তারিখে দলীল গ্রহীতার নিকট হইতে পণের সমুদয় টাকা এককালিন নীমু জায়মত বুঝিয়া পাইয়া স্বেচ্ছায় সরলান্তঃকরনে অন্যের বিনানুরোধে উপস্থিত সাক্ষীগণ সমক্ষে অত্র বিক্রয় কোবালা সম্পাদন করিলাম। ইতি তাং ইং ১৯৭৫ সালের ৫ই ডিসেম্বর বাংলা সন ১৩৮২ সালের ১৮ই অগ্রহায়ণ

তপশীল সম্পত্তি ও চৌহদ্দি –

জেলা ২৪ পরগণা থানা ও সবরেজেষ্ট্রী সোনারপুর পরগণা মেদনমল্ল ২৮১ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ১২৯ জে এল নং ৪৯ মৌজা কন্দর্পপুর বোয়ালিয়া গ্রামে সাবেক – ৭০৮ হাল ৪৭০ নং খতিয়ানে সাবেক ৮০৩ হাল ৮৫২ নং দাগে রায়ত দখলি স্বত্ব – বিশিষ্ট স্বত্বীয় •২১ একুশ শতক ডাঙ্গা জমি জমা মধ্যে চিহ্নিত বিভক্তিয় •৩½ সাড়ে তিন শতক স্থানীয় মাপে দুই কাঠা ডাঙ্গা জমি জমা, তৎপ্রসহ সংলগ্ন নকশায় প্রদর্শিত লাল বর্ণের রেখাদ্বারা বেষ্টিত (মীরা মজুমদার) যায় যাবতীয় ইজমেন্ট স্বত্ব সহ খতিয়ানের মোট •২১ শতক জমির বার্ষিক খাজনা ৫, পাঁচ টাকা হইতেছে, বিক্রীত •৩½ শতক জমির নিমিত্ত হারাহারি বার্ষিক খাজনা •৮৩ পয়সা পশ্চিম বঙ্গ রাজ্য – সরকার পক্ষে জেলা ২৪ পরগণার কালেক্টর বাহাদুরের সেরেস্তায় আদায় দেয় হইতেছে

বিক্রীত সম্পত্তির চৌহদ্দি ঃ–

উত্তর ঃ– সাবেক ৮০৪ এবং ৮০৫ দাগের অংশ

পূর্ব্ব ঃ– শ্রী অমলেন্দু বসুর বাটী

দক্ষিণ ঃ– শ্রী রেবতী বসুর বাটী

পশ্চিম ঃ– দলীল গ্রহীতার জমি ।

তপশীল টাকার জায় –

১০০, টাকার নোট ৩৫ খানি ৩৫০০, মঃ তিন হাজার পাঁচশত টাকামাত্র।

মীরা মজুমদার

তপশীল দলীলের জায় –

১। শ্রীমতি তরিজান বিবির দিয়ত শ্রী হীরালাল পালের নাম বরাবর বিক্রয় কোবালা তাং ইং ২৭।১১।৬৪.

২। শ্রী হীরা লাল পাল দিয়ত শ্রীমতি মীরা মজুমদারের নাম বরাবর বিক্রয় কোবালা তাং ইং ২৫।৩।৭০.

ইসাদি ঃ–


১। শ্রী অমলেন্দু বসু বোয়ালিয়া, পোঃ গড়িয়া, ২৪ পরগণা

২। শ্রী সমর বসু গ্রাম বোয়ালিয়া পোঃ গড়িয়া ২৪ পরগণা।

টাইপ কারক

শ্রী [illegible]

আলিপুর জজকোর্ট ।



SONARPUR
TOUZI 291
J.L NO 49
Scale
1" = 20'
AREA :- 2 COTTAHAS NEARLY.
Vendors Name -
SM. MIKA MAJUMDER.
N
ROAD
PLOT OF S.C. MAJUMDER
1442 SFT.
PLOT OF A BASU
4 Ft. WIDE PASSAGE
25'-9"
56'-0"
ROAD
TRACED BY :-
M. L. SAHA